যুগান্তর

তারিখ 0 2 MAR 2015
পৃষ্ঠা ২ কলাম ১

# ইবির ৫৩ কর্মকর্তাকে হত্যার হুমকি

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর ড. শাহিনুর রহমানের ব্যক্তিগত সহকারী আ. হান্নানসহ বিশ্ববিদ্যালয়ের ৫৩ কর্মকর্তাকে মোবাইলে প্রাণনাশের হুমকি দেয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে।

বৃহস্পতিবার রাতে অজ্ঞাত পরিচয় মোবাইল নম্বর থেকে ক্ষুদেবার্তার মাধ্যমে তাকে হুমকি দেয়া হয়। এ ঘটনায় জীবনের নিরাপত্তা চেয়ে শনিবার রাতে বিশ্ববিদ্যালয় থানায় একটি সাধারণ ডায়েরি করেছেন ওই কর্মকর্তা। এ বিষয়ে আ. হান্নান বলেন, 'বৃহস্পতিবার রাতে মোবাইল নম্বর ০১৭৬৬২৭২৯২০ থেকে আমার ব্যক্তিগত মোবাইল নম্বর ০১৭১৭৩৩৮১০০ ক্ষুদেবার্তা পাঠানো হয়। সেখানে আমিসহ বিশ্ববিদ্যালয়ের ৫৩ কর্মকর্তাকে হত্যা করা হবে বলে উল্লেখ করা হয়।' এ বিষয়ে ইবি থানার ওসি শফিকুল ইসলাম চৌধুরী বলেন, 'কে বা কারা হুমকি দিয়েছে সে বিষয়ে জিডিতে উল্লেখ করা হয়নি। এ বিষয়ে তথ্য উদঘাটনের চেষ্টা চলছে।'